

## الْوَالِي

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৭৭ তম নাম ‘الْوَالِي’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘الْوَالِي’ শব্দের মূল و - ل - ي, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ২৩২ বার এসেছে। দুর্ভোগ, বন্ধু, অভিভাবক, রক্ষক ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْوَالِي অর্থ: ‘তিনি প্রথম অধিকার বিস্তারকারী বাদশাহ’।

**মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:**

إِنَّ وَلِيَّ اللَّهِ الَّذِي نَزَّلَ الْكِتَابَ وَهُوَ يَتَوَلَّى الصَّالِحِينَ ﴿١٩٦﴾

জেনে রাখো, আমার অলি (বন্ধু) হলেন আল্লাহ, যিনি কিতাব নাযিল করেছেন আর তিনি তো কেবল পুণ্যবানদের অলি হিসেবেই দায়িত্ব পালন করেন। (সূরা আল আরাফ: আয়াত নং ১৯৬)

لَهُ مُعَقَّبَاتٌ مِّن بَيْنِ يَدَيْهِ وَمِنْ خَلْفِهِ يَحْفَظُونَهُ مِنْ أَمْرِ اللَّهِ إِنَّ اللَّهَ لَا يُغَيِّرُ مَا بِقَوْمٍ حَتَّى يُغَيِّرُوا مَا بِأَنْفُسِهِمْ وَإِذَا أَرَادَ اللَّهُ بِقَوْمٍ سُوءًا فَلَا مَرَدَّ لَهُ وَمَا لَهُمْ مِّن دُونِهِ مِن وَالٍ ﴿١١١﴾

তার (মানুষের) জন্যে তার সামনে ও পেছনে একের পর এক পাহারাদার নিযুক্ত থাকে আল্লাহর নির্দেশে। তারা তার হেফাজত করে। আল্লাহ কোন জাতির অবস্থা পরিবর্তন করেন না, যতক্ষণ না তারা নিজেরাই নিজেদের অবস্থা পরিবর্তন করে। যখন আল্লাহ কোন জাতির অকল্যাণ চান, তখন তা রদ করা হয় না। তাদের জন্যে আল্লাহ ছাড়া কোন অলি নেই। (সূরা আর রা'দ: আয়াত নং ১১)

**বুখারী ও হাদীসে কুদসি:**

আল্লাহর বন্ধু অবশ্যই জয়লাভ করবে। যে আমার (আল্লাহ) বন্ধুকে শত্রু বানাবে, আমি (আল্লাহ) তার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করব।

সুতরাং, প্রিয় ভাই ও বোনেরা! আসুন, আমরা আল্লাহকেই একমাত্র অলি হিসেবে গ্রহণ করি। যদি আল্লাহ আমাদের প্রতি সন্তুষ্ট হয়ে যান, তাহলে দুনিয়া ও আখেরাতে আমাদের কোনো চিন্তার কারণ থাকবে না। আল্লাহ তাকেই অলি বানাবেন যিনি পূণ্যবান। হে আল্লাহ, আমাদেরকে শিরকমুক্ত ভাবে পূণ্যবান বান্দাহ হওয়ার তৌফিক দান করো।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবাকাতুহা